

যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়ে গঠিত ইনোভেশন টিমের ১২/০৩/২০১৫ তারিখে অনুষ্ঠিত ৩য় সভার কার্যবিবরণী :

সভাপতি : মোঃ এরশাদ-উর-রশীদ
পরিচালক (দাঃ বিঃ ও ঋণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

স্থান : পরিচালকের অফিস কক্ষ।

তারিখ ও সময়ঃ ১২ মার্চ ২০১৫ ; দুপুর ১১:০০ টা


উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট “ক” তে সংযুক্ত :

সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। কমিটির ১ম সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী জানুয়ারী-এপ্রিল/২০১৫ মাসে করণীয় কাজের অগ্রগতি বিষয়ে আলোচনা হয়। সভায় সদস্য, ইনোভেশন টিম জনাব সালেহ উদ্দিন আহমেদ কর্তৃক যুব উন্নয়ন অধিদপ্তরের সার্বিক কর্মকান্ড সম্পর্কিত একটি সংক্ষিপ্ত খসড়া সেবা নির্দেশিকা (সিটিজেন চার্টার) এবং খসড়া প্রোফাইল উপস্থাপিত হয়। অতি দ্রুততার সাথে সম্মিলিতভাবে একটি সংক্ষিপ্ত খসড়া সেবা নির্দেশিকা উপস্থাপন করায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। পেশকৃত প্রোফাইলের বিভিন্ন আর্থিক নিয়ে ব্যাপক আলোচনা ও সে মাসিক সমৃদ্ধ করে পুনরায় সংশোধনের বিষয়ে মতামত দেয়া হয়। তাছাড়া প্রধান কার্যালয়, জেলা, উপজেলা কার্যালয়, যুব প্রশিক্ষণকেন্দ্র, শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র, কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র ও আঞ্চলিক মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র সমূহের জন্য স্ব স্ব কার্যালয়ের অধীনে পরিচালিত দাপ্তরিক সেবার বর্ণনা দিয়ে সংক্ষিপ্ত আকারে সেবা নির্দেশিকা ভিন্ন-ভিন্নভাবে প্রস্তুতপূর্বক পরবর্তী সভায় উপস্থাপনের বিষয়ে আলোচনা হয়। শাখা ভিত্তিক ওয়েবপেজ প্রস্তুত ও হালনাগাদ করণের অগ্রগতি বিষয়ে আলোচনায় আইসিটি শাখার সহকারী পরিচালক ও সদস্য, ইনোভেশন টিম জনাব সালেহ উদ্দিন আহমেদ জানান যে, চলতি মাসে কোন শাখা থেকেই ওয়েবপেজ প্রস্তুতের তথ্যাদি পাওয়া যায় নাই। তবে দারিদ্র বিমোচন ও ঋণ শাখা এবং শৃঙ্খলা শাখা থেকে ওয়েবপেজ হালনাগাদ করণের লক্ষ্যে তথ্যাদির Soft Copy পাওয়া গেছে। তিনি আরও জানান যে, প্রত্যন্ত অঞ্চল সহ সকল স্থানের যুব সমাজ যাতে সহজে যুব উন্নয়ন অধিদপ্তরের কার্যক্রম সম্পর্কে জানতে পারে সেলক্ষ্যে একটি মোবাইল অ্যাপস সঠিকভাবে প্রস্তুতের লক্ষ্যে সকল শাখা থেকে কার্যক্রমের তথ্য সংগ্রহপূর্বক ভেভরের নিকট সরবরাহ করা হয়েছে। এক্ষেত্রে সকল শাখা/উপশাখা প্রধানকে স্ব স্ব শাখার কার্যক্রমের তথ্যাদি (MS Word File) Soft Copy এবং কার্যক্রমের কিছু উল্লেখযোগ্য ছবি আইসিটি শাখায় প্রেরণের ব্যবস্থা নিতে পুনরায় অনুরোধ জানানোর বিষয়ে আলোচনা হয়।

সুপারিশ :

- ১। প্রধান কার্যালয়, জেলা, উপজেলা পর্যায়ের সকল কার্যালয়, যুব প্রশিক্ষণকেন্দ্র, শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র, কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র ও আঞ্চলিক মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র সমূহের জন্য স্ব স্ব কার্যালয়ের অধীনে পরিচালিত দাপ্তরিক সেবা ও প্রশিক্ষণকোর্স সমূহের কার্যক্রমের সংক্ষিপ্ত আকারে সেবা নির্দেশিকা ভিন্ন-ভিন্নভাবে প্রস্তুতপূর্বক পরবর্তী সভায় উপস্থাপন করা হবে।
- ২। ইনোভেশন টিমের উদ্দেশ্য গঠন ও কার্যাবলী এবং অন্যান্য কর্মকর্তা/কর্মচারীদের করণীয় বিষয় নির্ধারণ করে জেলার উপপরিচালক/ কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর/ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাদের পত্র প্রদান করা হবে।
- ৩। বেশ কিছু সংখ্যক উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা পূর্ব থেকেই ইনোভেশন নিয়ে কাজ করছেন বিধায় তারা কে কি কাজ করছেন সে বিষয়ে খোজ খবর নিয়ে পরবর্তী করণীয় নির্ধারণ করা হবে।
- ৪। শাখা ভিত্তিক ওয়েবপেজ প্রস্তুতির লক্ষ্যে প্রধান কার্যালয়ের পরিচালক, উপ-পরিচালকগণকে স্ব স্ব শাখা ও উপশাখার কার্যক্রমের তথ্যাদি ৩০-০৩-২০১৫ তারিখের মধ্যে (MS Word File) Soft Copy এবং কিছু গুরুত্বপূর্ণ ছবি যদি থাকে আইসিটি শাখায় পাঠাতে অনুরোধ জানানো হয়।

অতঃপর, আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।


১২/০৩/১৫
(মোঃ এরশাদ-উর-রশীদ)
পরিচালক(দাঃ বিঃ ও ঋণ)

ও
ইনোভেশন অফিসার
ফোনঃ ৯৫৬১৩৫৩।
e-mail: crshad.dvd@gmail.com


স্মারক নং-৩৪.০১.০০০০.০০৮.৩১.০১৭.১৫-২৬

তারিখঃ ১৬/০৩/২০১৫খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

- ১। পরিচালক----- (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ২। উপপরিচালক----- (সকল), প্রধান কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। জনাব----- যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ৬। সংশ্লিষ্ট নথি।

শাখা সংশ্লিষ্ট ওয়েবপেজ প্রস্তুত/হালনাগাদ করণের লক্ষ্যে সকল শাখা প্রধানকে স্ব স্ব শাখার কার্যক্রমের তথ্যাদি (MS Word File) Soft Copy এবং কিছু উল্লেখযোগ্য ছবি আইসিটি শাখায় আগামী ৩০-০৩-২০১৫খ্রিঃ তারিখের মধ্যে প্রেরণের জন্য পুনরায় অনুরোধ করা হলো।


(সালেহ উদ্দিন আহমেদ)

সহকারী পরিচালক(আইসিটি)

ও

সদস্য, ইনোভেশন টিম

ফোনঃ ৯৫৮৬৮৯৮।

e-mail: ictdyd@gmail.com

পরিশিষ্ট-“ক”

১২/০৩/২০১৫ তারিখ ১১.০০টায় অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের তালিকা :
(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

ক্রমিক নং	নাম ও পদবী	স্বাক্ষর
১.	জনাব মাসুদা আকন্দ উপপরিচালক(প্রশিক্ষণ)	অস্পষ্ট
২.	জনাব সৈয়দ আবদুল কাইয়ুম উপপরিচালক(পরিকল্পনা) চঃ দাঃ	অস্পষ্ট
৩.	জনাব মোঃ শাহীনুর রহমান সহকারী পরিচালক (দাঃ বিঃ ও ঋণ)	অস্পষ্ট
৪.	জনাব মোঃ সুলতান আহমেদ সহকারী পরিচালক (প্রশাসন)	অস্পষ্ট
৫.	জনাব সালেহ উদ্দিন আহমেদ সহকারী পরিচালক (আইসিটি)	অস্পষ্ট